

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০১.০০০০.১০১.১৬.৪৩৩(২).২১-১৯৪৯


তারিখ : ১২/১২/২০২১ খ্রি:
২৭/০৮/১৪২৮ ব:

সভার নোটিশ

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন), মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৫/১২/২০২১ তারিখ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় উপপরিচালক, প্রশাসন-এর দপ্তরে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নিম্নবর্ণিত কর্তকর্তাগণকে যথসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(ডাঃ মোঃ মাসুদুল আলম ভূঁঞা)
উপপরিচালক, প্রশাসন (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

১. ড. হোসেন মোঃ সেলিম, প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা ও APA-SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. জনাব মোঃ শামীম হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩. ডাঃ দীপ্তি রানী পাল, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪. অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. পরিচালক, প্রশাসন ও এপিএ টিম লিডার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা.মোঃমাহবুবুল আলম ভূঁঞা
উপপরিচালক (প্রশাসন)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

তারিখ : ১৫/১২/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : উপপরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিসকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজন করা হলো।

২। আলোচনাঃ


অদ্য সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক পরিবীক্ষণ কমিটির কর্মপরিধি সম্পর্কে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে সদস্যগণের মতামত আহ্বান করেন। আলোচনায় অংশ নিয়ে জনাব মোঃ শামীম হোসেন (জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড, ডেপুটেশন ও ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) ব্যক্ত করেন যে, সেবার জন্য নির্ধারিত ফরম থাকলে তার URL লিংক করা এবং নির্ধারিত সেবা মূল্য বা ফি থাকলে সুস্পষ্টভাবে টাকা উল্লেখসহ কিভাবে টাকা জমা দিতে হবে সেটাও উল্লেখ করা প্রয়োজন। এছাড়াও ডা. দীপ্তি রাণী পাল (উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড, ডেপুটেশন ও ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) জানান যে অধিনস্ত দপ্তর/ সংস্থা সময়মতো প্রশিক্ষণ সভা ও হালনাগাদ করছে কিনা তা তদারকিকরণের প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন।

৩। সিদ্ধান্তসমূহঃ




সভায় উপস্থিত সদস্যগণের স্বতঃস্ফূর্ত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- সেবার জন্য নির্ধারিত ফরম থাকলে তার URL লিংক উল্লেখ থাকতে হবে।
- নির্ধারিত সেবামূল্য বা ফি থাকলে সুস্পষ্টভাবে টাকার পরিমাণ উল্লেখসহ ব্যাংকের নাম এবং চালানে জমা হলে কোড নং উল্লেখ করতে হবে।
- অধিনস্ত দপ্তর/সংস্থা সময়মতো প্রশিক্ষণ সভা ও হালনাগাদ করছে কিনা তা তদারকিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডা. মোঃ মাহবুবুল আলম ভূঁঞা)
উপপরিচালক (প্রশাসন)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিতির তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	কর্মস্থল	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১	ডা. মোঃ মাহবুবুল আলম ভূঞা উপপরিচালক (প্রশাসন)	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা	০১৭১১১৪৬০১২	
০২	মোঃ শামীম হোসেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড, ডেপুটেশন ও ট্রেনিং রিজার্ভ পদ	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা	০১৭১৫১৩৮৭৬৬	 ২৬/১২/২১
০৩	ডা. দীপ্তি রাণী পাল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড, ডেপুটেশন ও ট্রেনিং রিজার্ভ পদ	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা	০১৬৮৬০০০১২৪	 ২৬/১২/২০২১